# উপজেলা আইসিটি বিষয়ক কমিটির অক্টোবর /২০২০ মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সোহাগ হাওলাদার, উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি। |
| তারিখ | : | ১৬/১১/২০২০ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসার-এর সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট-'ক'

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি কমিটির সদস্য সচিব ও সহকারী প্রোগ্রামার, রাজাপুর, ঝালকাঠি-কে আজকের সভার এজেন্ডা ভিত্তিক আলোচনা করার আহবান জানান।

সভার আলোচ্যসূচি, আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রম | আলোচ্যসূচি, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | **আলোচ্যসূচি ১.**<br>**নিয়মিত আইসিটি কমিটির সভা আয়োজন।**<br><br>**আলোচনা: ১ :** সভাপতি বলেন, রাজাপুর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, করোনা ভাইরাস প্রার্দুভাবে ভার্জুয়াল কার্যক্রমের সমস্যা ও সমাধানকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আহবান করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:- ১ :**<br>রাজাপুর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, করোনা ভাইরাস প্রার্দুভাবে ভার্জুয়াল কার্যক্রমের সমস্যা ও সমাধান কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আহবান করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর রাজাপুর |
| ০২ | **আলোচ্য সূচি: ০২.**<br>**উপজেলার সকল দপ্তরসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনা**<br>**আলোচনা: ০২ :** সভাপতি বলেন, উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের নিজস্ব তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে এবং বিশেষ করে যারা উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্য তাদের কর্মকর্তা/কর্মচারী, সেবার তালিকা, সিটিজেন চ্যার্টার, নোটিশ ও খবর তথ্য বাতায়নে নিয়মিত আপলোড করতে হবে।<br><br>**সিদ্ধান্ত:-০২**<br>উপজেলা পর্যায়ের সরকারি দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের তথ্য বাতায়ন হালনাগাদ ,বিশেষ করে যারা উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্য তাদের তথ্য বাতায়নে নিয়মিত আপলোড করতে হবে পাশাপাশি অন্য দপ্তরের তথ্য বাতায়ন অবস্থা দেখতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর প্রধান<br>২। সহকারী প্রোগ্রামার রাজাপুর |
| ০৩ | **আলোচ্য সূচি: ০৩**<br>**শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণ সংক্রান্ত আলোচনা**<br>**আলোচনা: ৩.** রাজাপুর উপজেলায় ০৮টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবগুলোর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে মনিটরিং অব্যাহত থাকবে। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে অচল ল্যাপটপ/ডেক্সটপ কম্পিউটার গুলো দ্রুত মেরামত করতে হবে। করোনা ভাইরাস( কোভিড ১৯) এর কারণে ল্যাব বন্ধ থাকায় আইসিটি অধিদপ্তর থেকে ল্যাবগুলো সচল রাখার জন্য মাঝে মাঝে ল্যাপটপের ব্যাটারী চার্জ, কোন গুরুত্বপর্ন তথ্য থাকলে ব্যাকআপ রাখা, ইন্টারনেট সংযোগ থাকলে প্রয়োজনীয় সফটওয়্যার আপডেট রাখা, ল্যাবের কক্ষ পরিস্কার পরিছন্ন রাখতে হবে ।<br>**সিদ্ধান্ত:-৩:** শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ছাত্রছাত্রীদের মাঝে সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা এবং করোনা ভাইরাস (কোভিড ১৯) এর কারণে ল্যাবগুলো বন্ধ থাকায় আইসিটি অধিদপ্তর থেকে ল্যাব ব্যবহারের নির্দেশানা যথাযথ পালন করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার রাজাপুর |



Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ০৪ | আলোচ্যসূচি ৪.<br>**অনলাইনে মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত প্রতিবেদন দাখিল**<br>**আলোচনা: ৪:** রাজাপুর উপজেলায় ৬১টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হয়েছে এবং মাল্টিমিডিয়ার মাধ্যমে অনুষ্ঠিত ক্লাস সমূহের প্রতিবেদন দৈনিক অনলাইনে দাখিলের নির্দেশনা রয়েছে। করোনা ভাইরাস( কোভিড ১৯) এর কারণে ল্যাব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে, শিক্ষা প্রতিষ্ঠান খোলা হলো কাযক্রম করতে হবে ।<br>**সিদ্ধান্ত:-৪ :**<br>উপজেলায় ৬১ টি শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাস সংক্রান্ত দৈনিক অনলাইন প্রতিবেদন অনলাইনে দাখিল নির্দেশনা রয়েছে । করোনা ভাইরাস( কোভিড ১৯) এর কারণে ল্যাব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে, শিক্ষা প্রতিষ্ঠান খোলা হলো নিয়মিত মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাশ নিয়ে আপলোড করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার রাজাপুর |
| ০৫ | আলোচ্যসূচি ৫.<br>**সরকারি অফিসে ইন্টারনেট সংযোগের অবস্থা প্রসঙ্গে**<br><br>**আলোচনা: ৫:** ডিজিটাল বাংলাদেশ বিনির্মান এবং মাঠ পর্যায়ে ই-সেবা বাস্তাবায়নের জন্য সরকারি ভাবে আইসিটি বিভাগের অধীস্থ বিসিসি রাজাপুর উপজেলায় সকল সরকারি অফিসে ইন্টারনেট সংযোগ প্রদান করেছে এবং ইন্টারনেট সংযোগের কাজ করেছে ফাইবার @ হোম নামে একটি বেসরকারি প্রতিষ্ঠান। ইন্টারনেট সংযোগের কোন সমস্যা হলে ফাইবার @ হোম এর প্রতিনিধি( মোঃ নিজাম, এসোসিয়েট ইঞ্জিনিয়ার, ০১৯৯৯০৭৫৫০৩) সাথে করে সংযোগ সচল রাখতে হবে ।<br>**সিদ্ধান্ত:-৪ :**<br>মাঠ পর্যায়ে ই-সেবা বাস্তাবায়ন এবং সরকারি অফিসে ইন্টারনেট সংযোগ সচল রাখার জন্য ফাইবার @ হোম এর প্রতিনিধির সাথে যোগাযাগ করতে হবে মর্মে সিদ্ধান্ত হয় । | ১। উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর |
| ০৬ | আলোচ্য সূচি: ০৬:<br>**ই-নথি এর ব্যবহার নিশ্চিত করণ**<br>**আলোচনা: ৬:** ডিজিটাল বাংলাদেশ বিনির্মান দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা লক্ষে প্রতিটি অফিসে ই-নথি সিস্টেমে অন্তভুক্ত হবে । বর্তমানে রাজাপুর উপজেলা ১৮ টি দপ্তরে ই-নথি সিস্টেম লাইফ সার্ভারে সংযুক্ত আছেন। গত অক্টোবর ২০২০ মাসে আরও ১৩ টি দপ্তরের ৩০ জন কর্মকর্তা/ কর্মচারীদের ২ দিনব্যাপী ই-নথি সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উল্লিখিত দপ্তর সমূহের ব্যবহারকারীদের আইডিতে অধীক সংখ্যক আগত ডাক ও নথি পেন্ডিং রয়েছে। যাহা নিয়মিত ই-নথি সিস্টেমের মাধ্যমে উপস্থাপন করে নোটে ও পত্রজারি করে নিষ্পত্তি করা প্রয়োজন।<br><br>**সিদ্ধান্ত:-৬ :**<br>সংশ্লিষ্ট দপ্তর নিয়মিত ই-নথি সিস্টেমের আগত ডাক সমূহ নথিতে উপস্থাপন করে পত্রজারি ও নিষ্পত্তি করতে হবে । গত অক্টোবর ২০২০ যে ১৩ টি দপ্তরের ৩০ জন কর্মকর্তা/ কর্মচারীদের ২ দিনব্যাপী ই-নথি সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের লাইফ সার্ভারে দেওয়ার বিষয়ে এটুআই (এসপায়ার টু ইনোভেট) সাথে যোগাযোগ করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। । | ১। উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তর<br>২। সহকারী প্রোগ্রামার রাজাপুর |

০২. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে সচেষ্ট হওয়ার আহবান এবং ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

২৬/১১/২০

(মোঃ সোহাগ হাওলাদার)
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটির
☏ ০৪৯৫৪-৬৫২২২ (অফিস)
ই-মেইল: unorajapur@mopa.gov.bd



Scanned with CamScanner

স্মারক নং- ৫৬.০৪.৪২৮৪.০০০.০৬.০০১.১৯.১৬

তারিখ: ০২ অগ্রহায়ন ১৪২৭ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) জনাব এ. কে. এম রহমাতুল্লাহ (মাননীয় সংসদ সদস্য-১৮৪, ঢাকা-১১), মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২) জনাব জুনাইদ আহমেদ পলক (মাননীয় সংসদ সদস্য-৬০, নাটোর-৩), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৩) জনাব বেনজীর আহমদ (মাননীয় সংসদ সদস্য-১৯৩, ঢাকা-২০) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৪) জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক (মাননীয় সংসদ সদস্য-১৬৫, কিশোরগঞ্জ-৪), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৫) জনাব ফাহমী গোলন্দাজ বাবেল (মাননীয় সংসদ সদস্য-১৫৫, ময়মনসিংহ-১০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৬) জনাব আহমেদ ফিরোজ কবির (মাননীয় সংসদ সদস্য-৬৯, পাবনা-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৭) জনাব মোঃ নুরুল আমিন (মাননীয় সংসদ সদস্য-২৬১, চাঁদপুর-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৮) বেগম মনিরা সুলতানা (মাননীয় সংসদ সদস্য-৩২৬, মহিলা আসন-২৬), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৯) বেগম জাকিয়া পারভীন খানম (মাননীয় সংসদ সদস্য-৩১৮, মহিলা আসন-১৮) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
১০) বেগম অপরাজিতা হক (মাননীয় সংসদ সদস্য-৩২০, মহিলা আসন-২০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
১১) জনাব বজলুল হক হারুন , মাননীয় সংসদ সদস্য-১২৫, ঝালকাঠি -১।
১২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১৩) জেলা প্রশাসক, ঝালকাঠি।
১৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজাপুর, ঝালকাঠি।
১৬) প্রোগ্রামার, জেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর, ঝালকাঠি।
১৭) জনাব........................................................., সদস্য, উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, রাজাপুর।
১৮) গোপনীয় সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজাপুর (উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০) অফিস নথি/মাষ্টার ফাইল।

Alam
16/11/2020

(মোঃ জাহাঙ্গীর আলম )
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
রাজাপুর, ঝালকাঠি
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটির
☎ ০১৭১৯৪৫৩৯০৪
ই-মেইল: jahangir1@doict.gov.bd



Scanned with CamScanner